# অভিনয়ের পর গানের জগতে অভিষেক হানিয়া আমির



হানিয়া আমির। ছবি: সংগৃহীত

অভিনয়ের পাশাপাশি এবার সংগীতেও নিজের প্রতিভার জানান দিলেন পাকিস্তানি অভিনেত্রী হানিয়া আমির। বুধবার প্রকাশ হয়েছে তার প্রথম একক গান 'পাবলো'। পাঞ্জাবি র‍্যাপধর্মী গানটির কথা ও সুর করেছেন হানিয়া নিজেই। এতে সমালোচনা, মানুষের নানা মন্তব্য এবং সেগুলোর প্রতি তার দৃষ্টিভঙ্গি উঠে এসেছে। গানটি নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টেও শেয়ার করেছেন তিনি।

'পাবলো'তে সমালোচকদের উদ্দেশে আত্মবিশ্বাসী বার্তা দিয়েছেন হানিয়া। নেতিবাচক মন্তব্য তাকে প্রভাবিত করে না বলেও গানের মাধ্যমে জানিয়েছেন তিনি।

গানটির শেষদিকে ভারতের টেলিভিশন তারকা রাখি সাওয়ান্তের একটি ভিডিও বার্তা রাখা হয়েছে। সেখানে হানিয়াকে ভালোবাসা জানিয়ে তিনি তাকে আত্মবিশ্বাসী থাকতে বলেন এবং সমালোচকদের নিয়ে চিন্তা না করার পরামর্শ দেন। হানিয়াকে 'সিংহী' বলেও উল্লেখ করেন রাখি।

হানিয়ার অভিনয়জীবনের বাইরে সংগীতে এই নতুন যাত্রাকে সামাজিক যোগাযোগমাধ্যমে অনেকেই ব্যতিক্রমী উদ্যোগ হিসেবে দেখছেন।

LENS ASIA